

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-স্বাসবি/পাস-১/সমন্বয়/২০০০- ৩৬৬

তারিখঃ ২১ চৈত্র ১৪২৩
০৪ এপ্রিল ২০১৭

বিষয়ঃ ইসলামিক ফাউন্ডেশন-এর ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আগামী ০৬ এপ্রিল ২০১৭ বেলা ৩:০০ টায় সোহরাওয়ার্দী উদ্যানে লক্ষাধিক আলেম-ওলামার মহাসম্মেলনে পানি সরবরাহ, ভ্রাম্যমান/অস্থায়ী টয়লেট ব্যবস্থা, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ইসলামিক ফাউন্ডেশনের স্মারক নং- ১৬.০১.০০০০.০০১.১১.০১২.৯৩/৫৪০৬ তারিখ: ২৮/০৩/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইসলামিক ফাউন্ডেশন-এর ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আগামী ০৬ এপ্রিল ২০১৭ বৃহস্পতিবার বেলা ৩:০০ ঘটিকায় সোহরাওয়ার্দী উদ্যানে লক্ষাধিক আলেম-ওলামাগণের এক মহাসম্মেলনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উক্ত মহাসম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। মসজিদুল হারাম ও মসজিদে নববীর তাইস প্রেসিডেন্ট শেখ ড. মুহাম্মদ বিন নাসের আল খুযাইম এবং মসজিদে নববীর ইমাম ও খতীব জনাব শেখ ড. আব্দুল মুহসেন বিন মুহাম্মদ আল কাসিমসহ ৬ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল উক্ত মহাসম্মেলনে মান্যবর মেহমান হিসেবে উপস্থিত থাকবেন। এ মহাসম্মেলন বাংলাদেশ টেলিভিশনসহ কয়েকটি ইলেক্ট্রনিক মিডিয়ায় সরাসরি সম্প্রচার করা হবে। উক্ত মহাসম্মেলনে পানি সরবরাহ, ভ্রাম্যমান/অস্থায়ী টয়লেটের ব্যবস্থা এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ প্রয়োজন।

এমতাবস্থায়, ইসলামিক ফাউন্ডেশন-এর ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আগামী ০৬ এপ্রিল ২০১৭ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৩:০০ ঘটিকায় সোহরাওয়ার্দী উদ্যানের মহাসম্মেলনে পানি সরবরাহ, ভ্রাম্যমান/অস্থায়ী টয়লেটের ব্যবস্থা, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনামতে ১ ফর্দ।

(স্বাক্ষর) ৭

(মোঃ খাইরুল ইসলাম)

উপ-সচিব

ফোনঃ ৯৫৭৫৫৬২

প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০২। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ০৩। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১৭।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।